

খসড়া

ডেটা ও মাইক্রোডেটা প্রকাশ ও প্রবেশাধিকার নীতিমালা, ২০২৬

১। শিরোনাম, প্রস্তাবনা ও প্রবর্তন।— (১) এই নীতিমালা “ডেটা ও মাইক্রোডেটা প্রকাশ ও প্রবেশাধিকার নীতিমালা, ২০২৬” নামে অভিহিত হইবে। ইংরেজিতে ইহার নাম হইবে “Data and Microdata Dissemination and Access Policy, ২০২৬”। পরিসংখ্যান আইন, ২০১৩ (২০১৩ সনের ১২ নং আইন)-এর ধারা ১৬ ও ২৭ অনুযায়ী সরকার অত্র নীতিমালা প্রণয়ন ও জারি করিল।

(২) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান আইন, ২০১৩ অনুযায়ী দেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসাবে জাতীয় উন্নয়ন, নীতিনির্ধারণ, পরিকল্পনা, গবেষণা এবং টেকসই উন্নয়ন অভীষ্ট পরীক্ষণের জন্য সরকারি পরিসংখ্যান প্রস্তুত, সংকলন, বিশ্লেষণ ও প্রকাশ করিয়া থাকে। শুমারি, জরিপ, প্রশাসনিক উপাত্তের পরিসংখ্যানিক ব্যবহার এবং অন্যান্য কার্যক্রমের মাধ্যমে উৎপন্ন বিপুল পরিমাণ মাইক্রোডেটা দেশের গুরুত্বপূর্ণ জ্ঞানসম্পদ ও জাতীয় উপাত্তসম্পদ। সরকারি পরিসংখ্যান আন্তর্জাতিকভাবে একটি সার্বজনীন সম্পদ (Public Good) হিসাবে বিবেচিত; কারণ গোপনীয়তা সুরক্ষিত রাখিয়া একই উপাত্ত বহু ব্যবহারকারীর গবেষণা, শিক্ষা, নীতিনির্ধারণ, উদ্ভাবন, ব্যবসা-বাণিজ্য ও জনকল্যাণমূলক কাজে ব্যবহার করা সম্ভব এবং এতে উপাত্তের সামাজিক মূল্য বৃদ্ধি পায়। অতএব, উত্তরদাতার ব্যক্তিগত গোপনীয়তা ও পরিসংখ্যানিক গোপনীয়তা নিশ্চিত করিয়া নামপরিচয়মুক্ত মাইক্রোডেটায় গবেষক, শিক্ষাবিদ, সরকারি প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী, বেসরকারি খাত ও সাধারণ ব্যবহারকারীগণের যথাযথ প্রবেশাধিকার নিশ্চিত করা প্রয়োজন।

(৩) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো পরিসংখ্যানিক প্রতিবেদন, সারণি, ওয়েবসাইট, অনলাইন ডেটাবেইস এবং অন্যান্য মাধ্যমে সরকারি পরিসংখ্যান নিয়মিত প্রকাশ করিয়া আসিতেছে; তবে মাইক্রোডেটা প্রবেশাধিকার, ব্যবহার ও শেয়ারিংয়ের ক্ষেত্রে অভিন্ন, সুস্পষ্ট ও প্রাতিষ্ঠানিক নীতিগত কাঠামোর অভাব থাকায় উপাত্তপ্রাপ্তি, অনুমোদন, নামপরিচয়মুক্ত ডেটাসেট প্রস্তুত, মেটাডেটা প্রস্তুত, উপাত্ত প্রকাশ এবং ব্যবহার-পরবর্তী দায়বদ্ধতার প্রক্রিয়া অনেক ক্ষেত্রে দীর্ঘায়িত হয়। বর্তমান সময়ে গবেষণা, কৃত্রিম বুদ্ধিমত্তা, উপাত্তবিজ্ঞান, নীতি-গবেষণা, উদ্ভাবন, বেসরকারি খাতের বিশ্লেষণ এবং প্রমাণভিত্তিক সিদ্ধান্ত গ্রহণে নির্ভরযোগ্য ও মানসম্মত মাইক্রোডেটার চাহিদা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাইয়াছে। আন্তর্জাতিকভাবে সরকারি পরিসংখ্যানকে একটি সার্বজনীন সম্পদ বা Public Good হিসাবে বিবেচনা করা হয়; একই সঙ্গে জাতিসংঘের Fundamental Principles of Official Statistics, FAIR (Findable, Accessible, Interoperable and Reusable) নীতিমালা, দায়িত্বশীল তথ্য ব্যবস্থাপনা, উন্মুক্ত সরকারি উপাত্ত এবং নিরাপদ মাইক্রোডেটা প্রবেশাধিকারের ধারণা সরকারি উপাত্তের সময়োপযোগী প্রকাশ, ব্যবহারযোগ্যতা, স্বচ্ছতা, গুণগত মান ও জনআস্থা বৃদ্ধির ওপর গুরুত্ব আরোপ করিয়াছে। এই প্রেক্ষাপটে সরকারি পরিসংখ্যানকে অধিকতর উন্মুক্ত, সহজলভ্য, ব্যবহারযোগ্য ও গবেষণাবান্ধব করা, নামপরিচয়মুক্ত মাইক্রোডেটায় অবাধ, সমতাভিত্তিক, নিরাপদ ও বিনামূল্যে প্রবেশাধিকার নিশ্চিত করা এবং একটি সক্ষম জাতীয় উপাত্ত-প্রতিবেশ গড়িয়া তোলা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কৌশলগত সংস্কার কর্মসূচির অন্যতম অগ্রাধিকার। অতএব, পরিসংখ্যান আইন, ২০১৩, প্রচলিত সরকারি নীতিমালা এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত উত্তম চর্চার সঙ্গে সামঞ্জস্য রাখিয়া বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক উৎপাদিত ডেটা ও (নামপরিচয়মুক্ত) মাইক্রোডেটার প্রকাশ, প্রবেশাধিকার, ব্যবহার

ও শেয়ারিংয়ের জন্য একটি সমন্বিত, নিরাপদ, স্বচ্ছ ও দায়িত্বশীল কাঠামো প্রতিষ্ঠার লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ‘ডেটা ও মাইক্রোডেটা প্রকাশ ও প্রবেশাধিকার নীতিমালা, ২০২৬’ সরকারি পরিসংখ্যানের গুণগত মানোন্নয়ন, দায়িত্বশীল উপাত্ত প্রকাশ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রণয়ন করা হইল।

(৪) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।— বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী না হইলে, এই নীতিমালায়—

- (১) “আইন” অর্থ পরিসংখ্যান আইন, ২০১৩ (২০১৩ সনের ১২ নং আইন);
- (২) “মহাপরিচালক” অর্থ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক;
- (৩) “উপাত্ত (Data)” বলিতে বিভিন্ন উৎস হইতে যথাযথ পদ্ধতিতে সংগৃহীত, প্রস্তুতকৃত, প্রক্রিয়াজাত, সংরক্ষিত বা প্রকাশযোগ্য পরিসংখ্যানিক উপাদানকে বুঝাইবে; যাহার মধ্যে মাইক্রোডেটা, মেটাডেটা, প্রশাসনিক উপাত্ত, জিওস্পেশিয়াল/জিআইএস উপাত্ত, কাস্টমাইজড টেবিল, সমন্বিত সারণি, গবেষণা উপাত্ত, উদ্ভাবনী উপাত্ত এবং অন্যান্য পরিসংখ্যানিক ডেটাসেট অন্তর্ভুক্ত হইবে;
- (৪) “পরিসংখ্যান (Statistics)” বলিতে পরিসংখ্যান বিজ্ঞান বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত পদ্ধতি অনুসরণে শুমারি, নমুনা জরিপ, প্রশাসনিক উৎস, উদ্ভাবনী উৎস বা অন্যান্য পরিসংখ্যানিক কার্যক্রমের মাধ্যমে সংগৃহীত ও প্রকাশিত উপাত্ত, সূচক, সারণি, প্রতিবেদন বা বিশ্লেষণকে বুঝাইবে;
- (৫) “সরকারি পরিসংখ্যান (Official Statistics)” বলিতে বিবিএস কর্তৃক প্রস্তুতকৃত, সংরক্ষিত, সংকলিত, বিশ্লেষিত ও প্রকাশিত পরিসংখ্যানকে বুঝাইবে; প্রযোজ্য ক্ষেত্রে পরিসংখ্যান আইন, ২০১৩-এর ধারা ১১-এর আওতায় অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর, অধিদপ্তর, সংস্থা বা সরকারি প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুত ও প্রকাশিত পরিসংখ্যানও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (৬) “উপাত্ত প্রকাশ (Data Dissemination)” বলিতে ব্যক্তিগত গোপনীয়তা ও পরিসংখ্যানিক গোপনীয়তা সুরক্ষিত রাখিয়া, যথার্থতা, স্বচ্ছতা, সহজলভ্যতা ও ব্যবহারযোগ্যতা নিশ্চিত করিয়া নির্ধারিত মাধ্যমে- যেমন ওয়েবসাইট, অনলাইন ডেটাবেইস, ইলেকট্রনিক ফরম্যাট, মুদ্রিত প্রকাশনা, সংবাদ বিজ্ঞপ্তি, প্রতিবেদন, সারণি বা অন্যান্য গ্রহণযোগ্য পদ্ধতিতে পরিসংখ্যান, উপাত্ত বা মাইক্রোডেটা ব্যবহারকারীগণের নিকট উপস্থাপন বা সরবরাহ করাকে বুঝাইবে;
- (৭) “প্রবেশাধিকার (Access)” বলিতে এই নীতিমালা, প্রযোজ্য আইন, ব্যবহার-শর্ত, অনুমোদন ও নিরাপত্তা প্রটোকল অনুসরণ সাপেক্ষে উপাত্ত, মাইক্রোডেটা, মেটাডেটা, সারণি বা সংশ্লিষ্ট ডেটা-সেবায় ব্যবহারকারীর প্রবেশ, প্রাপ্তি, ব্যবহার বা বিশ্লেষণের অধিকারকে বুঝাইবে;
- (৮) “শুমারি” বা “Census” বলিতে নির্দিষ্ট সময়, ভূখণ্ড, প্রশাসনিক একক বা নির্ধারিত ক্ষেত্রের সকল ব্যক্তি, খানা, প্রতিষ্ঠান, কৃষি খামার, অর্থনৈতিক একক বা অন্যান্য পরিসংখ্যানিক একককে গণনা, উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ ও প্রকাশের পূর্ণাঙ্গ কার্যক্রমকে বুঝাইবে;
- (৯) “জরিপ” বা “Survey” বলিতে পরিসংখ্যান বিজ্ঞানের স্বীকৃত নমুনা পদ্ধতি অনুসরণে নির্দিষ্ট জনগোষ্ঠী, খানা, প্রতিষ্ঠান, কৃষি খামার বা অন্যান্য পরিসংখ্যানিক একক হইতে নমুনার মাধ্যমে সংগৃহীত উপাত্তভিত্তিক জরিপকে বুঝাইবে;
- (১০) “পরিসংখ্যানিক একক (Statistical Unit)” বলিতে ব্যক্তি, খানা, পরিবার, প্রতিষ্ঠান, ব্যবসা প্রতিষ্ঠান, কৃষি খামার, প্রশাসনিক একক, ভৌগোলিক এলাকা, কার্যক্রম, লেনদেন বা অন্য কোনো একককে বুঝাইবে, যাহা উপাত্ত সংগ্রহ, সংকলন, বিশ্লেষণ বা প্রকাশের ভিত্তি হিসাবে ব্যবহৃত হয়;
- (১১) “প্রশাসনিক উপাত্ত (Administrative Data)” বলিতে কোনো মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, অধিদপ্তর, সংস্থা, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা অন্য কোনো কর্তৃপক্ষের প্রশাসনিক, সেবা প্রদান, নিবন্ধন, লাইসেন্সিং, রাজস্ব, শিক্ষা, স্বাস্থ্য, সামাজিক সুরক্ষা, ব্যবসা-বাণিজ্য বা অন্যান্য কার্যক্রম পরিচালনার অংশ হিসাবে সৃষ্ট বা সংরক্ষিত উপাত্তকে বুঝাইবে, যাহা পরিসংখ্যানিক উদ্দেশ্যে ব্যবহারযোগ্য;

- (১২) “উদ্ভাবনী উপাত্ত (Innovative Data)” বলিতে প্রচলিত শুমারি, জরিপ বা প্রশাসনিক উৎসের বাহিরেও বিগ ডেটা, মেশিন লার্নিং-ভিত্তিক উৎপন্ন উপাত্ত, আর্থ-অবজারভেশন, স্যাটেলাইট বা রিমোট সেন্সিং উপাত্ত, ইমেজ প্রসেসিং, সেন্সর ডেটা, ডিজিটাল প্ল্যাটফর্ম ডেটা বা নতুন প্রযুক্তিনির্ভর উৎস হইতে সংগৃহীত বা উৎপাদিত পরিসংখ্যানিক উপাত্তকে বুঝাইবে;
- (১৩) “মাইক্রোডেটা (Microdata)” বলিতে শুমারি, জরিপ, প্রশাসনিক উৎস, উদ্ভাবনী উপাত্তের উৎস এবং অন্যান্য পরিসংখ্যানিক কার্যক্রম হইতে সংগৃহীত ব্যক্তি, খানা, পরিবার, প্রতিষ্ঠান, ব্যবসা প্রতিষ্ঠান, কৃষি খামার বা অন্যান্য পরিসংখ্যানিক একক পর্যায়ের উপাত্তকে বুঝাইবে;
- (১৪) “নামপরিচয়মুক্তকরণ (Anonymization)” বলিতে এমন প্রক্রিয়াকে বুঝাইবে, যাহার মাধ্যমে প্রত্যক্ষ ও পরোক্ষ শনাক্তকারী তথ্য অপসারণ, পরিবর্তন, সাধারণীকরণ, লুপ্তকরণ (suppressing), শ্রেণিবদ্ধকরণ, টপ-কোডিং, নয়েজ সংযোজন (Noise Perturbation) বা অন্য কোনো স্বীকৃত পদ্ধতিতে সীমিত করা হয়, যাহাতে কোনো ব্যক্তি, খানা, পরিবার, প্রতিষ্ঠান, ব্যবসা প্রতিষ্ঠান বা অন্যান্য পরিসংখ্যানিক একককে যুক্তিসঙ্গতভাবে শনাক্ত করা সম্ভব না হয়;
- (১৫) “নামপরিচয়মুক্ত মাইক্রোডেটা” বা “Anonymized Microdata” বলিতে মাইক্রোডেটা হইতে প্রত্যক্ষ ও পরোক্ষ শনাক্তকারী তথ্য অপসারণ, পরিবর্তন বা সীমিতকরণের পর প্রস্তুতকৃত এমন উপাত্তকে বুঝাইবে, যাহা ব্যবহার করিয়া কোনো ব্যক্তি, খানা, প্রতিষ্ঠান বা অন্যান্য পরিসংখ্যানিক একককে যুক্তিসঙ্গতভাবে শনাক্ত করা যায় না;
- (১৬) “শনাক্তকারী তথ্য (Identifier)” বলিতে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনো ব্যক্তি, খানা, পরিবার, প্রতিষ্ঠান, ব্যবসা প্রতিষ্ঠান বা অন্যান্য পরিসংখ্যানিক একককে শনাক্ত করিতে সক্ষম তথ্যকে বুঝাইবে; যেমন- নাম, ঠিকানা, জাতীয় পরিচয় নম্বর, মোবাইল নম্বর, জিপিএস অবস্থান, নিবন্ধন নম্বর, ক্ষুদ্র ভৌগোলিক নির্দেশক অথবা অন্যান্য অনন্য বা বিরল বৈশিষ্ট্য;
- (১৭) “মেটাডেটা (Metadata)” বলিতে কোনো উপাত্ত বা ডেটাসেটের ধারণা, সংজ্ঞা, শ্রেণিবিন্যাস, উৎস, নমুনা নকশা, তথ্য সংগ্রহ পদ্ধতি, প্রশ্নপত্র/ফরম, সম্পাদনা, কোডিং, ভর বা ওয়েট, ভৌগোলিক ব্যাপ্তি, সময়কাল, গুণগত মান, সীমাবদ্ধতা, ব্যবহারবিধি, উপাত্ত অভিধান, প্রকাশিত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট ব্যাখ্যামূলক বিবরণকে বুঝাইবে;
- (১৮) “উপাত্ত অভিধান (Data Dictionary)” বলিতে ডেটাসেটের প্রতিটি ভেরিয়েবল, কোড, শ্রেণি, লেবেল, মান, মিসিং ভ্যালু, পরিমাপ একক, ফরম্যাট এবং সংশ্লিষ্ট ব্যাখ্যার সংগঠিত বিবরণকে বুঝাইবে;
- (১৯) “কাস্টমাইজড টেবিল (Customized Table)” বলিতে ব্যবহারকারীর নির্দিষ্ট চাহিদা অনুযায়ী সংগৃহীত বা সংকলিত উপাত্তকে সুনির্দিষ্ট বিন্যাসে সারণি আকারে উপস্থাপনকে বুঝাইবে; যাহার মধ্যে শিরোনাম, সারি ও কলাম শিরোনাম, কোডিং তথ্য, বর্ণনা এবং ডেটা ব্যাখ্যার জন্য প্রয়োজনীয় মেটাডেটা অন্তর্ভুক্ত থাকিতে পারে;
- (২০) “Public Use File (PUF)” বলিতে সম্পূর্ণ নামপরিচয়মুক্ত মাইক্রোডেটা ফাইলকে বুঝাইবে, যাহা সকল ব্যবহারকারীর জন্য উন্মুক্ত ও বিনামূল্যে প্রাপ্তিযোগ্য এবং যাহার ব্যবহার অপেক্ষাকৃত কম ঝুঁকিপূর্ণ;
- (২১) “Licensed Use File (LUF)” বলিতে নিবন্ধন, অনুমোদন এবং ব্যবহার চুক্তির ভিত্তিতে অনুমোদিত ব্যবহারকারীগণের নিকট সরবরাহযোগ্য অধিক বিস্তারিত নামপরিচয়মুক্ত মাইক্রোডেটা ফাইলকে বুঝাইবে;
- (২২) “Secure Research File (SRF)” বলিতে তুলনামূলকভাবে সংবেদনশীল বা অধিক বিস্তারিত মাইক্রোডেটা ফাইলকে বুঝাইবে, যাহা কেবল বিবিএস কর্তৃক অনুমোদিত নিরাপদ গবেষণা পরিবেশে নির্ধারিত শর্তে ব্যবহার করা যাইবে;

- (২৩) “নিরাপদ গবেষণা পরিবেশ (Secure Research Environment)” বলিতে এমন নিয়ন্ত্রিত, পর্যবেক্ষণযোগ্য ও নিরাপত্তা-সুরক্ষিত পরিবেশকে বুঝাইবে, যেখানে অনুমোদিত গবেষক নির্ধারিত শর্ত, সময়সীমা, প্রযুক্তিগত নিয়ন্ত্রণ ও আউটপুট পরীক্ষা সাপেক্ষে সংবেদনশীল বা সীমিত প্রবেশাধিকারযুক্ত মাইক্রোডেটা ব্যবহার করিতে পারেন;
- (২৪) “Microdata Analysis Lab” বলিতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত সরজমিন বা অন-সাইট নিরাপদ গবেষণা পরিবেশকে বুঝাইবে, যেখানে অনুমোদিত গবেষকগণ নির্ধারিত শর্তে মাইক্রোডেটা ব্যবহার করিতে পারিবেন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রণীত ও সময় সময় হালনাগাদকৃত Standard Operating Procedure (SOP) of Microdata Analysis Lab-এর মাধ্যমে উক্ত উপাত্ত ব্যবহারের বিস্তারিত নির্দেশনা প্রকাশ করা হইবে;
- (২৫) “পরিসংখ্যানিক গোপনীয়তা (Statistical Confidentiality)” বলিতে তথ্যদাতা বা উত্তরদাতার পরিচয় এবং তাহার প্রদত্ত তথ্যের গোপনীয়তা আইনগত, প্রশাসনিক, পদ্ধতিগত ও প্রযুক্তিগতভাবে সংরক্ষণের বাধ্যবাধকতাকে বুঝাইবে। গোপনীয়তা সুরক্ষার ক্ষেত্রে পরিসংখ্যান আইন, ২০১৩-এর উপধারা ১২(২) প্রযোজ্য হইবে;
- (২৬) “ব্যক্তিগত গোপনীয়তা (Privacy)” বলিতে কোনো ব্যক্তি, খানা, পরিবার বা প্রতিষ্ঠানের পরিচয়, ব্যক্তিগত তথ্য, অবস্থান, আচরণ, আর্থসামাজিক বৈশিষ্ট্য বা অন্যান্য সংবেদনশীল তথ্য অননুমোদিত প্রকাশ, ব্যবহার, সংযোগ, বিশ্লেষণ বা পুনঃশনাক্তকরণ হইতে সুরক্ষিত রাখিবার অধিকার ও প্রাতিষ্ঠানিক দায়িত্বকে বুঝাইবে;
- (২৭) “সংবেদনশীল উপাত্ত (Sensitive Data)” বলিতে এমন উপাত্তকে বুঝাইবে, যাহা অননুমোদিতভাবে প্রকাশিত, সংযুক্ত, বিশ্লেষিত বা পুনঃশনাক্ত হইলে কোনো ব্যক্তি, খানা, প্রতিষ্ঠান বা গোষ্ঠীর গোপনীয়তা, নিরাপত্তা, মর্যাদা, আর্থিক স্বার্থ, সামাজিক অবস্থান বা আইনগত অধিকার ক্ষুণ্ণ হইতে পারে;
- (২৮) “FAIR নীতিমালা” বলিতে উপাত্তকে Findable, Accessible, Interoperable and Reusable- অর্থাৎ সন্ধানযোগ্য, প্রবেশযোগ্য, আন্তঃকার্যক্ষম ও পুনঃব্যবহারযোগ্য করিবার আন্তর্জাতিকভাবে স্বীকৃত নীতিগত কাঠামোকে বুঝাইবে;
- (২৯) “সার্বজনীন সম্পদ (Public Good)” বলিতে এমন সরকারি পরিসংখ্যান, উপাত্ত বা নামপরিচয়মুক্ত মাইক্রোডেটাকে বুঝাইবে, যাহা গোপনীয়তা সুরক্ষিত রাখিয়া গবেষণা, শিক্ষা, নীতিনির্ধারণ, উদ্ভাবন, ব্যবসা-বাণিজ্য, জনকল্যাণ ও প্রমাণভিত্তিক সিদ্ধান্ত গ্রহণে বিস্তৃত ব্যবহারযোগ্যতা ও সামাজিক মূল্য সৃষ্টি করে;
- (৩০) “Advance Release Calendar (ARC)” বলিতে বিবিএস কর্তৃক নির্ধারিত ও প্রকাশিত আগাম প্রকাশ ক্যালেন্ডারকে বুঝাইবে, যাতে নির্দিষ্ট পরিসংখ্যান, প্রতিবেদন, জরিপের ফলাফল, ডেটাসেট বা মাইক্রোডেটা প্রকাশের সম্ভাব্য সময়সূচি উল্লেখ থাকে;
- (৩১) “উপাত্ত লঙ্ঘন (Data Breach)” বলিতে উপাত্ত, মাইক্রোডেটা, মেটাডেটা, সিস্টেম লগ বা সংশ্লিষ্ট তথ্যের অননুমোদিত প্রবেশ, ব্যবহার, প্রকাশ, পরিবর্তন, ক্ষতি, হস্তান্তর, কপি, ডাউনলোড, পুনঃশনাক্তকরণ বা নিরাপত্তা-বিধি ভঙ্গের ঘটনাকে বুঝাইবে;

৩। প্রয়োগ ও প্রযোজ্যতা।— (১) এই নীতিমালা শুধু বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক শুমারি, জরিপ, উদ্ভাবনী উপাত্ত যেমন- বিগডেটা, মেশিন লার্নিং, আর্থ-অবজারভেশন, ইমেজ প্রসেসিং প্রভৃতিসহ অন্যান্য পরিসংখ্যানিক কার্যক্রম ও প্রশাসনিক উৎস হতে সংগৃহীত, প্রস্তুতকৃত, সংকলিত, প্রক্রিয়াকৃত, সংরক্ষিত অথবা প্রকাশিত সকল সরকারি পরিসংখ্যানিক ডেটা ও মাইক্রোডেটার ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(২) অন্যান্য সরকারি পরিসংখ্যান উৎপাদক প্রতিষ্ঠান এই নীতিমালা স্বেচ্ছায় বা সমঝোতা/নির্দেশনার ভিত্তিতে অনুসরণ করিতে পারিবে।

৪। উদ্দেশ্য।— এই নীতিমালার উদ্দেশ্য হইল—

- ক) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক উৎপাদিত নামপরিচয়মুক্ত (Anonymized) Public Use Microdata File-এ অবাধ, সমতাভিত্তিক, নিরাপদ ও বিনামূল্যে প্রবেশাধিকার নিশ্চিত করা;
- খ) সরকারি অর্থায়নে উৎপাদিত পরিসংখ্যানকে একটি সার্বজনীন সম্পদ (Public Good) হিসাবে সর্বোচ্চ জনকল্যাণে ব্যবহার নিশ্চিত করা;
- গ) গবেষণা, শিক্ষা, নীতিনির্ধারণ, পরিকল্পনা, উদ্ভাবন, বেসরকারি খাতের উন্নয়ন এবং প্রমাণভিত্তিক (Evidence-based) সিদ্ধান্ত গ্রহণে সরকারি তথ্যের ব্যবহার সম্প্রসারণ করা;
- ঘ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর স্বচ্ছতা (Transparency), জবাবদিহিতা (Accountability), বিশ্বাসযোগ্যতা (Credibility), পেশাগত স্বাভাবিকতা (Professional Independence) এবং জনআস্থা (Public Trust) আরও সুদৃঢ় করা, যাহাতে সরকারি পরিসংখ্যানের প্রতি ব্যবহারকারীগণের আস্থা ও গ্রহণযোগ্যতা বৃদ্ধি পায়;
- ঙ) মেটাডেটা (Metadata) প্রকাশের মাধ্যমে তথ্যের যথার্থ ব্যাখ্যা, পুনরুৎপাদনযোগ্যতা (Reproducibility) ও কার্যকর ব্যবহার নিশ্চিত করিবার পাশাপাশি সরকারি পরিসংখ্যানের পুনঃব্যবহারযোগ্যতা (Reusability), আন্তঃকার্যক্ষমতা (Interoperability) এবং গবেষণায় ব্যবহার বৃদ্ধি করা;
- চ) উত্তরদাতার গোপনীয়তা (Privacy) এবং পরিসংখ্যানিক গোপনীয়তা (Confidentiality) নিশ্চিত রেখে উপাত্ত প্রকাশের একটি অভিন্ন, নিরাপদ ও আন্তর্জাতিক মানসম্পন্ন কাঠামো প্রতিষ্ঠা করা;

৫। নীতিগত ভিত্তি।— বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো নিম্নোক্ত নীতির ভিত্তিতে মাইক্রোডেটা প্রবেশাধিকার ও শেয়ারিং কার্যক্রম পরিচালনা করিবে।

- (ক) **সরকারি পরিসংখ্যান একটি সার্বজনীন সম্পদ (Official Statistics as Public Good)।—** সরকারি অর্থায়নে উৎপাদিত নামপরিচয়মুক্ত সরকারি পরিসংখ্যান বিশেষ করে ডেটা ও মাইক্রোডেটা জনগণের একটি মূল্যবান সার্বজনীন সম্পদ। উত্তরদাতা ও অন্যান্য নামপরিচয়মুক্ত তথ্যের গোপনীয়তা নিশ্চিত সাপেক্ষে এসব উপাত্ত গবেষণা, শিক্ষা, নীতিনির্ধারণ, উদ্ভাবন এবং জনকল্যাণে সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা হইবে।
- (খ) **উন্মুক্ততা হইবে মূলনীতি (Open by Default)।—** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রস্তুতকৃত সকল মাইক্রোডেটা প্রকাশযোগ্য হিসাবে বিবেচিত হইবে, যদি না প্রচলিত আইন, পরিসংখ্যানিক গোপনীয়তা বা জাতীয় স্বার্থের কারণে তা সীমাবদ্ধ করিবার প্রয়োজন হয়।
- (গ) **বিনামূল্যে প্রবেশাধিকার (Free by Default)।—** নামপরিচয়মুক্ত Public Use File এবং সংশ্লিষ্ট মেটাডেটা, কোডবুক, প্রশ্নপত্র ও অন্যান্য সহায়ক ডকুমেন্ট সকল ব্যবহারকারীর জন্য বিনামূল্যে প্রবেশাধিকার প্রদান করা হইবে। এই নীতিমালার অধীনে অন্য কোনো বিধিমালা, নীতিমালা কিংবা নির্দেশিকায় যা কিছু থাকুক না কেন Public Use File-এর জন্য কোনো ব্যবহার ফি আরোপ করা হইবে না।
- (ঘ) **সমতাভিত্তিক প্রবেশাধিকার (Equal Access)।—** যোগ্য সকল ব্যবহারকারী সমান সুযোগে উপাত্তপ্রাপ্তির অধিকারী হইবেন। উপাত্তপ্রাপ্তির ক্ষেত্রে কোনো ধরনের বৈষম্য বা অযৌক্তিক অগ্রাধিকার প্রদান করা হইবে না।

- (ঙ) পরিসংখ্যানিক গোপনীয়তা ।— মাইক্রোডেটা প্রকাশের ক্ষেত্রে উত্তরদাতার পরিচয়, প্রদানকৃত ব্যক্তিগত তথ্য এবং গোপনীয়তা সর্বোচ্চ গুরুত্বের সঙ্গে সংরক্ষণ করা হইবে।
- (চ) স্বচ্ছতা ও জবাবদিহিতা ।— মাইক্রোডেটা প্রকাশ, উপাত্তপ্রাপ্তি, অনুমোদন এবং ব্যবহার সংক্রান্ত সকল প্রক্রিয়া স্বচ্ছ, ন্যায়সঙ্গত, নথিভুক্ত এবং জবাবদিহিমূলক হইবে।
- (ছ) তথ্যের গুণগত মান ।— প্রকাশিত প্রত্যেকটি মাইক্রোডেটা যথাযথ যাচাই (Validation), সম্পাদনা (Editing), নামপরিচয়মুক্তকরণ (Anonymization) এবং গুণগত মান নিশ্চিতকরণ (Quality Assurance) শেষে প্রকাশ করা হইবে।
- (জ) FAIR নীতিমালা ।— বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো মাইক্রোডেটা ব্যবস্থাপনায় FAIR নীতিমালা অনুসরণ করিবে, যাহাতে উপাত্ত-ক) সহজে অনুসন্ধানযোগ্য (Findable); খ) সহজে প্রাপ্তিযোগ্য (Accessible); গ) আন্তর্জাতিক মান অনুযায়ী আন্তঃপরিচালনযোগ্য (Interoperable); এবং ঘ) পুনঃব্যবহারযোগ্য (Reusable) হয়।
- (ঝ) ডিজিটাল-অগ্রাধিকার (Digital by Default) ।— মাইক্রোডেটা প্রকাশ ও উপাত্তপ্রাপ্তির ক্ষেত্রে অনলাইন প্ল্যাটফর্ম হইবে প্রধান মাধ্যম। প্রয়োজনবোধে অফলাইন ব্যবস্থাও চালু থাকিবে।
- (ঞ) দায়িত্বশীল ব্যবহার ।— প্রত্যেক ব্যবহারকারী মাইক্রোডেটা কেবল বৈধ, নৈতিক এবং গবেষণামূলক উদ্দেশ্যে ব্যবহার করিবেন এবং কোনো অবস্থাতেই পুনঃশনাক্তকরণ (Re-identification)-এর চেষ্টা করিবেন না। এ ধরনের প্রচেষ্টা নীতিমালা লঙ্ঘন হিসাবে গণ্য হইবে এবং প্রযোজ্য আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণযোগ্য হইবে।
- (ট) Open Government Data-এর সহিত সামঞ্জস্য ।— বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রকাশযোগ্য সকল Public Use Microdata এবং Aggregate Data, যথাসম্ভব, সরকারের Open Government Data নীতিমালা ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত Data Interoperability Standards অনুসরণ করিয়া প্রকাশ করা হইবে।

৬। মাইক্রোডেটার শ্রেণিবিন্যাস ।— (১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো মাইক্রোডেটাকে নিম্নোক্ত তিন শ্রেণিতে বিভক্ত করিবে—

- (ক) উন্মুক্ত জন-ব্যবহারযোগ্য উপাত্ত (Public Use File)
(খ) নিবন্ধনভিত্তিক গবেষণা উপাত্ত (Licensed Use File)
(গ) নিরাপদ গবেষণা উপাত্ত (Secure Research File)

(২) অত্র নীতিমালার তফসিল-১ এর অধীন “মাইক্রোডেটা প্রবেশাধিকার কাঠামো” অনুযায়ী উল্লিখিত শ্রেণিবিন্যাস নিয়ন্ত্রিত ও পরিচালিত হইবে।

(৩) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রয়োজনীয় ক্ষেত্রে সময়ে সময়ে ‘মাইক্রোডেটা রিভিউ কমিটি’র সুপারিশ সাপেক্ষে অফিস আদেশ জারির মাধ্যমে সংযুক্ত তফসিল-১ এর আওতাধীন শুমারির ডেটা শেয়ারিং-এর শতাংশ-সীমা পুনঃনির্ধারণ করিতে পারিবেন।

৭। প্রকাশ সীমাবদ্ধ উপাত্ত ।— নিম্নবর্ণিত উপাত্ত বা তথ্য কোনো অবস্থাতেই Public Use File হিসাবে প্রকাশযোগ্য হইবে না—

- ক) যাহার মাধ্যমে ব্যক্তি, পরিবার, প্রতিষ্ঠান বা ব্যবসা প্রতিষ্ঠানের পরিচয় প্রত্যক্ষ বা পরোক্ষভাবে শনাক্ত করা সম্ভব;
খ) জাতীয় নিরাপত্তা বা রাষ্ট্রের স্বার্থবিরোধী তথ্য;
গ) আদালতের আদেশে প্রকাশ সীমাবদ্ধ তথ্য;
ঘ) প্রচলিত আইন দ্বারা সীমাবদ্ধ তথ্য;

ঙ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর Disclosure Risk Assessment-এর আলোকে উচ্চ ঝুঁকিপূর্ণ বিবেচিত উপাত্ত।

৮। **উপাত্ত ব্যবহারের লাইসেন্স (Data Use Licensing)**।— (১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রকাশিত মাইক্রোডেটা নিম্নোক্ত লাইসেন্স কাঠামোর আওতায় ব্যবহার করা যাইবে—

- ক) Public Use File;
- খ) Licensed Use File;
- গ) Secure Research File.

(২) Licensed Use File এবং Secure Research File ব্যবহারের ক্ষেত্রে ব্যবহারকারীকে অত্র নীতিমালার তফসিল-২ এ বর্ণিত নির্ধারিত উপাত্ত ব্যবহারের আবেদন ও চুক্তিনামায় স্বাক্ষর করিতে হইবে।

(৩) চুক্তিনামায় নিম্নবর্ণিত বিষয় অন্তর্ভুক্ত থাকিবে—

- ক) উপাত্ত ব্যবহারের উদ্দেশ্য;
- খ) পুনঃশনাক্তকরণ না করার অঙ্গীকার;
- গ) তৃতীয় পক্ষের নিকট হস্তান্তর না করার শর্ত;
- ঘ) গবেষণা শেষে Data Disposal-এর শর্ত;
- ঙ) Citation ব্যবহারের বাধ্যতাবোধকতা;
- চ) BBS-এর দায়মুক্তি।

৯। **মাইক্রোডেটা প্রস্তুতকরণ**।— (১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক উৎপাদিত প্রত্যেকটি শুমারি ও জরিপের মাইক্রোডেটা প্রকাশের পূর্বে নিম্নোক্ত কার্যক্রম সম্পন্ন করিতে হইবে—

- ক) তথ্য সম্পাদনা (Editing);
- খ) তথ্য যাচাই (Validation);
- গ) গুণগত মান নিশ্চিতকরণ (Quality Assurance);
- ঘ) নামপরিচয়মুক্তকরণ (Anonymization);
- ঙ) পরিসংখ্যানিক গোপনীয়তা ঝুঁকি মূল্যায়ন (Disclosure Risk Assessment);
- চ) মেটাডেটা (Metadata) প্রস্তুতকরণ;
- ছ) কোডবুক (Codebook) ও উপাত্ত অভিধান (Data Dictionary) প্রস্তুতকরণ;
- জ) অনুমোদন (Approval)।

(২) বিবিএস-এর মহাপরিচালক কর্তৃক অনুমোদিত হওয়ার পর সংশ্লিষ্ট উপাত্ত প্রকাশযোগ্য হিসাবে গণ্য হইবে।

১০। **মাইক্রোডেটার ফরম্যাট ও ভার্সন (Microdata Format and Version)**।— (১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ব্যবহারকারীর চাহিদা, আন্তর্জাতিক মান এবং প্রযুক্তিগত সক্ষমতা বিবেচনায় মাইক্রোডেটা বিভিন্ন প্রচলিত ও আন্তঃকার্যক্ষম (Interoperable) ফরম্যাটে প্রকাশ ও সরবরাহ করিতে পারিবে।

(২) প্রয়োজন, প্রয়োজ্যতা ও প্রাপ্যতা অনুযায়ী পরিসংখ্যানিক সফটওয়্যার ও অ্যাপ্লিকেশন যথা- Stata, SPSS, R, Python, ইত্যাদির জন্য উপযুক্ত অথবা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক স্বীকৃত অন্য কোনো মানসম্মত ডিজিটাল ফরম্যাটে মাইক্রোডেটা সরবরাহ করিবে।

(৩) প্রত্যেকটি Dataset-এর সঙ্গে সংশ্লিষ্ট Metadata (Codebook, Data Dictionary, Questionnaire, Sampling Design, Weight Variable-এর নির্দেশনা এবং ব্যবহারবিধি (User Guide)-সহ প্রকাশ করা হইবে, যাহাতে ব্যবহারকারীগণ বিভিন্ন পরিসংখ্যানিক সফটওয়্যারে উপাত্ত যথাযথভাবে ব্যবহার করিতে পারেন।

(৪) প্রযুক্তিগত পরিবর্তন, ব্যবহারকারীর চাহিদা অথবা আন্তর্জাতিক মানের সঙ্গে সামঞ্জস্য বিধানের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সময়ে সময়ে নতুন উপাত্ত ফরম্যাট সংযোজন, পরিবর্তন বা পরিমার্জন করিতে পারিবে।

(৫) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, যথাসম্ভব ও ক্রমান্বয়ে, Stata, SPSS, R, Python এবং অন্যান্য প্রচলিত পরিসংখ্যানিক সফটওয়্যারের জন্য প্রয়োজনীয় Syntax File, Import Script, অথবা Example Program প্রকাশের উদ্যোগ গ্রহণ করিবে, যাহাতে ব্যবহারকারীগণ উপাত্ত সহজে বিশ্লেষণ করিতে পারেন।

(৬) সংশোধিত Dataset নতুন Version হিসাবে প্রকাশ করা হইবে। প্রত্যেক Version-এর প্রকাশের তারিখ, পরিবর্তনের বিবরণ এবং সংস্করণ নম্বর প্রকাশ করা হইবে।

১১। প্রকাশযোগ্য সরকারি পরিসংখ্যান ও উপাত্তের আওতা।— (১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রস্তুতকৃত সরকারি পরিসংখ্যান, সমষ্টিগত (Aggregate) উপাত্ত, মাইক্রোডেটা, মেটাডেটা এবং সংশ্লিষ্ট তথ্য-উপকরণ যথাসম্ভব (Maximum) জনসাধারণের জন্য প্রকাশযোগ্য বলিয়া গণ্য হইবে, যদি না প্রচলিত আইন, জাতীয় নিরাপত্তা, আদালতের আদেশ, উত্তরদাতার গোপনীয়তা অথবা পরিসংখ্যানিক গোপনীয়তার স্বার্থে তাহা সীমাবদ্ধ রাখিবার প্রয়োজন হয়।

(২) সকল শুমারি, জরিপ অথবা পরিসংখ্যানিক কার্যক্রমের ক্ষেত্রে প্রযোজ্যতা অনুযায়ী নিম্নবর্ণিত তথ্য প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হইবে—

- ক) চূড়ান্ত প্রতিবেদন;
- খ) পরিসংখ্যান সারণি;
- গ) গুরুত্বপূর্ণ সূচক (Key Indicators);
- ঘ) নামপরিচয়মুক্ত গণব্যবহারযোগ্য মাইক্রোডেটা (Anonymized Public Use Microdata);
- ঙ) মেটাডেটা;
- চ) প্রশ্নপত্র;
- ছ) কোডবুক;
- জ) উপাত্ত অভিধান;
- ঝা) পদ্ধতিগত প্রতিবেদন;
- ঞ) গুণগত মান প্রতিবেদন;
- ট) Proposed Citation;
- ঠ) Revision History;
- ড) ব্যবহার নির্দেশিকা (User Guide);
- ঢ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক নির্ধারিত অন্যান্য প্রযোজ্য উপাত্ত।

১২। উপাত্ত প্রকাশের সময়সীমা।— (১) চূড়ান্ত প্রতিবেদন প্রকাশের দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট Public Use File প্রকাশ করা হইবে।

১৩। উপাত্ত প্রকাশের মাধ্যম।— (১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সরকারি পরিসংখ্যান, প্রতিবেদন, মেটাডেটা এবং মাইক্রোডেটা নিম্নোক্ত মাধ্যমসমূহে প্রকাশ করিতে পারিবে—

- ক) মুদ্রিত প্রকাশনা;
- খ) সেমিনার, কর্মশালা ও প্রকাশনা অনুষ্ঠান;
- গ) সংবাদ সম্মেলন;

- ঘ) প্রেস বিজ্ঞপ্তি;
- ঙ) ডিজিটাল ও সোশ্যাল মিডিয়া;
- চ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দাপ্তরিক ওয়েবসাইট;
- ছ) Microdata Dissemination Portal;
- জ) Application Programming Interface (API);
- ঝ) ড্যাশবোর্ড;
- ঞ) অনলাইন ডেটাবেইস;
- ট) অন্যান্য অনুমোদিত মাধ্যম।

(২) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক সকল প্রতিবেদন ও পরিসংখ্যান অনুমোদন ও প্রকাশ করিবে [পরিসংখ্যান আইন, ২০১৩-এর ধারা ১৬। (১) অনুযায়ী ব্যুরো তৎকর্তৃক সংগৃহীত ও প্রস্তুতকৃত পরিসংখ্যান প্রকাশ করিবে।]

গত ০৯/০২/২০২৬ খ্রি. তারিখে জারিকৃত বিদ্যমান উপাত্ত প্রকাশ নীতিমালা, ২০২৬-এর অনুষ্টেদ অনুযায়ী-

১০। ভোক্তার মূল্যসূচক ও অন্যান্য জাতীয় সূচক প্রকাশ:

বিবিএস নিয়মিতভাবে মোট দেশজ উৎপাদ (GDP) প্রাক্কলন, প্রবৃদ্ধির হার (Growth Rate), ভোক্তা মূল্যসূচক (CPI), মূল্যস্ফীতি হার (Inflation Rate) এবং মজুরি হার সূচক (WRI) পরিমাপ পদ্ধতি ও ব্যবহৃত উপাত্তসহ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিবের অনুমোদনক্রমে প্রকাশ করিবে:

১৪। অফলাইন মাইক্রোডেটা প্রাপ্তি ।— (১) অনলাইন সুবিধা সীমিত হইলে অথবা Secure Research File-এর ক্ষেত্রে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো—

- ক) Microdata Analysis Lab;
- খ) অনুমোদিত নিরাপদ পরিবেশ;
- গ) অন্যান্য নিরাপদ মাধ্যম ব্যবহার করিয়া উপাত্ত প্রাপ্তির ব্যবস্থা করিতে পারিবে।

১৫। মাইক্রোডেটা অ্যানালাইসিস ল্যাব (Microdata Analysis Lab) ।— (১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সংবেদনশীল মাইক্রোডেটার নিরাপদ গবেষণামূলক বিশ্লেষণে ব্যবহারের জন্য একটি Microdata Analysis Lab প্রতিষ্ঠা ও পরিচালনা করিবে।

(২) এই ল্যাবের উদ্দেশ্য হইবে—

- ক) নিরাপদ গবেষণামূলক বিশ্লেষণের পরিবেশ নিশ্চিত করা;
- খ) উচ্চ সংবেদনশীল তথ্যের দায়িত্বশীল ব্যবহার নিশ্চিত করা;
- গ) প্রমাণভিত্তিক গবেষণা উৎসাহিত করা;
- ঘ) জাতীয় ও আন্তর্জাতিক গবেষণা সহযোগিতা সম্প্রসারণ করা।

(৩) Microdata Analysis Lab-এর পরিচালনা, ব্যবহার, নিরাপত্তা ও অনুমোদন পদ্ধতি পৃথক নির্দেশিকায় নির্ধারিত হইবে।

১৬। অনলাইন উপাত্তপ্রকাশ ।— (১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রাথমিক পর্যায়ে নিজস্ব ওয়েবসাইটে এবং পর্যায়ক্রমে একটি সমন্বিত Microdata Dissemination Portal প্রবর্তন ও পরিচালনা করিবে।

(২) পোর্টালে নিম্নোক্ত ন্যূনতম সুবিধা থাকিবে—

- ক) Dataset Catalogue;
- খ) Dataset Search with key words;

- গ) Metadata Repository;
- ঘ) Online Download;
- ঙ) User Registration;
- চ) Dataset Version;
- ছ) Citation Information;
- জ) User Feedback System.

(৩) বিবিএস প্রয়োজন ও সক্ষমতা অনুযায়ী Application Programming Interface (API) এবং অন্যান্য ডিজিটাল সেবা পর্যায়ক্রমে চালু করিবে।

১৭। অগ্রিম প্রকাশ ক্যালেন্ডার (Advance Release Calendar)।— (১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রতিবছর একটি অগ্রিম প্রকাশ ক্যালেন্ডার (Advance Release Calendar-ARC) প্রণয়ন ও প্রকাশ করিবে, যাহাতে প্রধান শুমারি, জরিপ, প্রশাসনিক উপাত্তভিত্তিক পরিসংখ্যান, প্রতিবেদন, সমষ্টিগত উপাত্ত (Aggregate Data), মেটাডেটা এবং Public Use Microdata প্রকাশের সম্ভাব্য সময়সূচি উল্লেখ থাকিবে।

(২) ARC বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ওয়েবসাইট এবং Microdata Portal-এ প্রকাশ করা হইবে।

(৩) অনিবার্য কারণে প্রকাশের নির্ধারিত সময়সূচিতে পরিবর্তন ঘটিলে, তাহার কারণ উল্লেখপূর্বক সংশোধিত সময়সূচি যথাসম্ভব দ্রুত প্রকাশ করা হইবে।

(৪) গুরুত্বপূর্ণ জাতীয় পরিসংখ্যান প্রকাশের ক্ষেত্রে সকল ব্যবহারকারীর জন্য সমান সময়ে (Simultaneous Release) তথ্যপ্রাপ্তি নিশ্চিত করা হইবে।

(৫) প্রতিবেদন প্রকাশের পর নির্ধারিত সময়সীমার মধ্যে Public Use Microdata, Metadata, ইত্যাদি প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১৮। ব্যবহারকারীর অধিকার।— ব্যবহারকারীগণ—

- ক) Public Use File বিনামূল্যে ডাউনলোড করিতে পারিবেন;
- খ) গবেষণা, শিক্ষা ও নীতিগত সুপারিশ প্রণয়নে জরিপ ও শুমারি পদ্ধতিগত সীমাবদ্ধতা নিশ্চিত করিয়া নিজস্ব সুবিধা অনুসারে বিশ্লেষণ ও প্রকাশ করিতে পারিবেন;
- গ) Metadata ও Documentation ব্যবহার করিতে পারিবেন;
- ঘ) Citation নির্দেশনা অনুযায়ী উপাত্ত উদ্ধৃত করিয়া ফলাফল প্রকাশ করিতে পারিবেন।

১৯। বিশেষায়িত উপাত্ত ও বিশ্লেষণী সেবা।— (১) Public Use File, Metadata বিনামূল্যে সরবরাহ করা হইবে।

(২) তবে ব্যবহারকারীর বিশেষ চাহিদার ভিত্তিতে প্রস্তুতকৃত নিম্নবর্ণিত ফরম্যাটে সরকার বা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে সরবরাহ করা যাইতে পারে—

- ক) Customized Table;
- খ) বিশেষ বিশ্লেষণ;
- গ) বিশেষ উপাত্ত প্রক্রিয়াকরণ;
- ঘ) মুদ্রিত প্রকাশনা;
- ঙ) বিশেষ ডিজিটাল সেবা।

২০। **আবেদন, অনুমোদন ও সরবরাহ পদ্ধতি**।— (১) **Public Use File** ব্যতীত অন্য যে কোনো মাইক্রোডেটা প্রাপ্তির জন্য তফসিল-২ এ বর্ণিত নির্ধারিত আবেদনপত্র ও চুক্তিনামায় স্বাক্ষরপূর্বক অথবা অনলাইন পোর্টালের মাধ্যমে আবেদন করিতে হইবে।

(২) আবেদন প্রাপ্তির পর বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো আবেদনকারীর পরিচয়, গবেষণার উদ্দেশ্য, উপাত্তের প্রয়োজনীয়তা এবং প্রযোজ্য ক্ষেত্রে **Data Use Agreement** যাচাই করিবে।

(৩) আবেদন অনুমোদিত হইলে নির্ধারিত সময়ের মধ্যে উপাত্ত সরবরাহ করা হইবে।

(৪) **Secure Research File**-এর ক্ষেত্রে কেবল বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অনুমোদিত নিরাপদ গবেষণা পরিবেশে প্রবেশাধিকার প্রদান করা যাইবে।

(৫) আবেদন গ্রহণ, অনুমোদন এবং উপাত্ত সরবরাহের বিস্তারিত পদ্ধতি **Standard Operating Procedure (SOP)**-এর মাধ্যমে নির্ধারিত হইবে।

২১। **মাইক্রোডেটা রিভিউ কমিটি (Microdata Review Committee)**।— (১) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, প্রয়োজনবোধে একটি **Microdata Review Committee** গঠন করিবেন।

(২) কমিটির দায়িত্ব হইবে—

(ক) **Licensed Use File** ও **Secure Research File**-এর আবেদন পর্যালোচনা;

(খ) উপাত্ত প্রকাশের ঝুঁকি মূল্যায়ন;

(গ) বিশেষ ক্ষেত্রে উপাত্ত প্রকাশ বিষয়ে সুপারিশ প্রদান;

(ঘ) জটিল বা বিতর্কিত উপাত্ত প্রকাশ সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে মহাপরিচালককে পরামর্শ প্রদান।

(৩) কমিটিতে পরিসংখ্যান, অর্থনীতি, তথ্যপ্রযুক্তি, আইন, তথ্য নিরাপত্তা এবং সংশ্লিষ্ট বিষয়-বিশেষজ্ঞ অন্তর্ভুক্ত থাকিবেন।

(৪) কমিটির সুপারিশের ভিত্তিতে মহাপরিচালক চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

২২। **আবেদন প্রত্যাখ্যান ও আপিল**।— যদি কোনো ব্যবহারকারীর **Microdata Access** আবেদন প্রত্যাখ্যাত হয়, তাহা হইলে আবেদনকারী সিদ্ধান্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে মহাপরিচালকের নিকট লিখিতভাবে আপিল করিতে পারিবেন। এক্ষেত্রে মহাপরিচালকের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২৩। **ব্যবহারকারীর দায়িত্ব**।— ব্যবহারকারী—

ক) কোনো অবস্থাতেই ব্যক্তি, পরিবার, প্রতিষ্ঠান বা ব্যবসা প্রতিষ্ঠানের পুনঃশনাক্তকরণের (**Re-identification**) চেষ্টা করিবেন না;

খ) **Restricted Dataset** অন্যের নিকট হস্তান্তর করিবেন না;

গ) **Data Use Agreement** অনুসরণ করিবেন;

ঘ) উপাত্তের উৎস হিসাবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে যথাযথ স্বীকৃতি প্রদান করিবেন;

ঙ) গবেষণার ফলাফলে উপাত্তের ভুল ব্যাখ্যা বা বিভ্রান্তিকর উপস্থাপন থেকে বিরত থাকিবেন।

২৪। **নীতিমালা লঙ্ঘনের ক্ষেত্রে ব্যবস্থা**।— যদি কোনো ব্যবহারকারী—

ক) পুনঃশনাক্তকরণের চেষ্টা করেন;

খ) **Data Use Agreement** লঙ্ঘন করেন;

গ) তথ্যের অপব্যবহার করেন;

ঘ) অননুমোদিতভাবে তথ্য বিতরণ করেন;

ঙ) তথ্যের নিরাপত্তা বিঘ্নিত করেন,

তাহা হইলে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো—

- ক) তথ্যপ্রবেশাধিকার স্থগিত বা বাতিল করিতে পারিবে;
- খ) ভবিষ্যৎ তথ্যপ্রাপ্তি আংশিক বা সম্পূর্ণরূপে সীমিত করিতে পারিবে; এবং
- গ) প্রয়োজনবোধে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

২৫। উপাত্ত উদ্ধৃতি, পুনরুৎপাদনযোগ্য গবেষণা ও গবেষণা স্বচ্ছতা।— (১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাইক্রোডেটা ব্যবহার করিয়া প্রস্তুতকৃত ও প্রকাশিত প্রকাশিত সকল গবেষণা, প্রতিবেদন, নিবন্ধ, থিসিস অথবা অন্য কোনোরূপ প্রতিবেদন ও প্রকাশনায় বিবিএস কর্তৃক সুপারিশকৃত Citation Format অনুসারে যথাযথভাবে উৎস উল্লেখ করা বাধ্যতামূলক হইবে।

(২) সকল প্রকাশনার ক্ষেত্রে Suggested Citation-এর নির্ধারিত বিন্যাস বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রকাশ করিবে।

(৩) গবেষণার পুনরুৎপাদনযোগ্যতা (Reproducibility) এবং বৈজ্ঞানিক স্বচ্ছতা (Research Transparency) নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, যেখানে সম্ভব এবং প্রযোজ্য, Dataset-এর সহিত Metadata (Codebook, Data Dictionary, Questionnaire, Sampling Design, Weight Variable-এর নির্দেশনাসহ), Syntax File অথবা অন্যান্য প্রয়োজনীয় কারিগরি নথিপত্র প্রকাশ করিতে পারিবে।

(৪) গবেষকগণকে ব্যবহৃত উপাত্তের সংস্করণ (Dataset Version), বিশ্লেষণ পদ্ধতি এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহৃত প্রোগ্রাম কোড বা Syntax সংরক্ষণ ও যথাযথভাবে উদ্ধৃত করিতে উৎসাহিত করা হইবে।

(৫) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অনুমোদন ব্যতিরেকে কোনো ব্যবহারকারী উপাত্তে পরিবর্তন করিয়া তাহা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মূল উপাত্ত হিসাবে উপস্থাপন করিতে পারিবেন না।

২৬। ব্যবহারকারী সহায়তা ও মতামত।— বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো—

- ক) User Support;
- খ) Frequently Asked Questions (FAQ);
- গ) অনলাইন সহায়তা কেন্দ্র;
- ঘ) Feedback Mechanism; এবং
- ঙ) অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি ব্যবস্থা চালু করিবে।

২৭। বুদ্ধিবৃত্তিক সম্পদ ও দায়মুক্তি।— (১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রকাশিত সকল Microdata, Metadata এবং Documentation-এর স্বত্ব (Copyright) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর নিকট সংরক্ষিত থাকিবে।

(২) Microdata ব্যবহার করিয়া প্রস্তুতকৃত গবেষণা, মতামত অথবা উপসংহার সংশ্লিষ্ট গবেষক বা প্রতিষ্ঠানের নিজস্ব মতামত বলিয়া গণ্য হইবে এবং তাহা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অবস্থান বা মতামত হিসাবে বিবেচিত হইবে না।

২৮। উপাত্ত তত্ত্বাবধায়ক (Data Custodian)।— (১) প্রত্যেক শুমারি, জরিপ অথবা পরিসংখ্যানিক কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট উইং, সেল অথবা ইউনিট Data Custodian হিসাবে দায়িত্ব পালন করিবে।

(২) Data Custodian-এর দায়িত্ব হইবে—

- ক) উপাত্তের গুণগত মান নিশ্চিতকরণ;
- খ) মেটাডেটা প্রস্তুতকরণ;
- গ) নামপরিচয়মুক্ত উপাত্ত প্রস্তুত করা;
- ঘ) তথ্য প্রকাশের সুপারিশ প্রদান; এবং

৩) Revision History সংরক্ষণ।

২৯। **বাস্তবায়নকারী সংস্থা।**— (১) এই নীতিমালার বাস্তবায়নের দায়িত্ব বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর উপর ন্যস্ত থাকিবে।

(২) এই নীতিমালার কার্যকর বাস্তবায়নের জন্য জারিকৃত কারিগরি নির্দেশিকা (Technical Guidelines), মানসম্মত কার্যপদ্ধতি (Standard Operating Procedure-SOP), কারিগরি মানদণ্ড (Technical Standards) এবং প্রশাসনিক আদেশ আইনগত উপাদান হিসেবে স্বীকৃত হইবে।

৩০। **দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা।**— (১) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ডেটা ও মাইক্রোডেটা প্রবেশাধিকার, উপাত্ত প্রকাশ, আবেদন গ্রহণ, যাচাই ও নিষ্পত্তি, উপাত্ত সরবরাহের সমন্বয়, ব্যবহারকারী সহায়তা প্রদান, অভিযোগ নিষ্পত্তি, বার্ষিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং নীতিমালা বাস্তবায়নের জন্য এক বা একাধিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মনোনীত করিতে পারিবেন।

৩১। **মাইক্রোডেটা ও মেটাডেটা ইউনিট (Microdata and Metadata Unit)।**— (১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে কম্পিউটার উইং-এর অধীনে একটি মাইক্রোডেটা ও মেটাডেটা ইউনিট গঠন করা হইবে। ইহা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কেন্দ্রীয় Microdata Repository Unit পরিচালনা করিবে।

(২) ইউনিটের প্রধান দায়িত্ব হইবে—

- ক) ব্যবহারকারীগণের জন্য উন্মুক্তযোগ্য (Releasable) মাইক্রোডেটা প্রস্তুতকরণ;
- খ) নামপরিচয়মুক্তকরণ নিশ্চিতকরণ;
- গ) মেটাডেটা প্রস্তুত;
- ঘ) Codebook ও Data Dictionary প্রস্তুত;
- ঙ) Disclosure Risk Assessment;
- চ) BBS Microdata Portal পরিচালনা;
- ছ) ব্যবহারকারীর সহায়তা;
- জ) উপাত্ত প্রকাশের মান নিয়ন্ত্রণ;
- ঝ) নীতিমালার বাস্তবায়ন পর্যবেক্ষণ।

৩২। **বার্ষিক প্রতিবেদন ও বাস্তবায়ন পরিবীক্ষণ।**— (১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রতি বছরের শেষে পরিসংখ্যান আইন, ২০১৩ অনুযায়ী প্রকাশিত বার্ষিক প্রতিবেদনে Microdata Dissemination Report প্রস্তুত করিবে, যাহাতে অন্তর্ভুক্ত থাকিবে—

- ক) প্রকাশিত Dataset;
- খ) প্রকাশিত Public Use File-এর সংখ্যা;
- গ) ব্যবহারকারীর পরিসংখ্যান;
- ঘ) উপাত্ত ডাউনলোডের সংখ্যা;
- ঙ) গবেষণায় Microdata ব্যবহারের সংখ্যা;
- চ) Microdata Analysis Lab-এর ব্যবহার;
- ছ) ব্যবহারকারীর মতামত;
- জ) নীতিমালার বাস্তবায়ন অগ্রগতি;
- ঝ) অভিযোগ নিষ্পত্তির হার।

৩৩। ব্যাখ্যা।— এই নীতিমালার কোনো বিধানের ব্যাখ্যার প্রয়োজন হইলে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৩৪। ব্যতিক্রম।— জাতীয় নিরাপত্তা, আদালতের আদেশ অথবা প্রচলিত আইনের কারণে প্রয়োজন হইলে সরকার এই নীতিমালার কোনো বিধান থেকে বিশেষ ক্ষেত্রে ব্যতিক্রম অনুমোদন করিতে পারিবে। তবে উত্তরদাতার ব্যক্তিগত গোপনীয়তা ও পরিসংখ্যানিক গোপনীয়তা সংক্রান্ত আইনগত সুরক্ষা অক্ষুণ্ণ থাকিবে।

৩৫। আন্তর্জাতিক মান অনুসরণ।— বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো মাইক্রোডেটা প্রবেশাধিকার, প্রকাশ, সংরক্ষণ, উদ্ধৃতি, ডিজিটাল আর্কাইভিং এবং উপাত্ত ব্যবস্থাপনার ক্ষেত্রে যথাসম্ভব জাতিসংঘের Fundamental Principles of Official Statistics, FAIR Principles, DDI (Data Documentation Initiative), Statistical Data and Metadata Exchange (SDMX), Open Government Data Standards এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত অন্যান্য প্রাসঙ্গিক মান ও উত্তম চর্চা অনুসরণ করিবে।

৩৬। রহিতকরণ ও হেফাজত (Repeal and Retention)।— (১) এই নীতিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে “উপাত্ত প্রকাশ নীতিমালা, ২০২৬” রহিত বলিয়া গণ্য হইবে।

(২) তবে উক্ত নীতিমালার অধীন ইতঃপূর্বে গৃহীত কোনো সিদ্ধান্ত, অনুমোদন, আবেদন, আদেশ, নির্দেশনা অথবা সম্পাদিত কার্যক্রম, যদি এই নীতিমালার সহিত অসামঞ্জস্যপূর্ণ না হয়, তাহা বৈধ বলিয়া গণ্য হইবে এবং এই নীতিমালার অধীন গৃহীত বলিয়া বিবেচিত হইবে।

৩৭। অনুমোদিত ইংরেজি পাঠ।— সরকার, প্রয়োজনবোধে, এই নীতিমালার একটি অনুমোদিত ইংরেজি পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে। বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

মোঃ ফিরোজ সরকার

সচিব

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

পরিকল্পনা মন্ত্রণালয়

মাইক্রোডেটা প্রবেশাধিকার কাঠামো

[অনুচ্ছেদ ৭ (৩) দ্রষ্টব্য]

ক্রম	শ্রেণি	ডেটার আওতা	ব্যবহারকারী	প্রবেশাধিকার	ফি/চার্জ	আবেদন নিষ্পত্তির সময়
১	Public Use File	সকল নমুনা জরিপের নামপরিচয়মুক্ত (Anonymized) ১০০% মাইক্রোডেটা এবং শুমারির ক্ষেত্রে সর্বনিম্ন ইউনিয়ন পর্যায় পর্যন্ত জিও কোডে সীমাবদ্ধ রেখে ৩০% নামপরিচয়মুক্ত (Anonymized) মাইক্রোডেটা	সকল ব্যবহারকারী	অনলাইন/ অফলাইন	বিনামূল্যে	প্রযোজ্য নয়
২	Licensed Use File	শুমারির ক্ষেত্রে সর্বনিম্ন ইউনিয়ন পর্যায় পর্যন্ত জিও কোডে সীমাবদ্ধ রেখে ৫০% নামপরিচয়মুক্ত (Anonymized) মাইক্রোডেটা	নিবন্ধিত গবেষক	অনুমোদনক্রমে	নির্ধারিত বার্ষিক নিবন্ধন ফি পরিশোধ সাপেক্ষে	৭ দিন
৩	Secure Research File	শুমারির ক্ষেত্রে সর্বনিম্ন ইউনিয়ন পর্যায় পর্যন্ত জিও কোডে সীমাবদ্ধ রেখে ১০০% নামপরিচয়মুক্ত (Anonymized) মাইক্রোডেটা	অনুমোদিত গবেষক	Microdata Analysis Lab	নীতিমালা অনুযায়ী	৩ দিন

উপাত্ত ব্যবহারের আবেদন ও চুক্তিনামা

[অনুচ্ছেদ-৮ (২) ও অনুচ্ছেদ-২০ (১) দ্রষ্টব্য]

[Application and Agreement for Access to Licensed Use File/Secure Research File]

মাইক্রোডেটা প্রাপ্তির আবেদনপত্র

তারিখ:.....

বরাবর,
মহাপরিচালক
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ভবন, ই-২৭/এ আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

- ১। আবেদনকারীর নাম :
২। পদবি (যদি থাকে) :
৩। প্রতিষ্ঠানের নাম (যদি থাকে) :
৪। পিতার নাম :
৫। বর্তমান ঠিকানা :
৬। ইমেইল ঠিকানা :
৭। মোবাইল নম্বর :
৮। ব্যবহারকারীর ধরন (ব্যক্তি/প্রতিষ্ঠান) :
৯। ছবিযুক্ত পরিচয়পত্র নম্বর :
১০। পরিচয়পত্রের ধরন (কপি সংযুক্ত করুন) :
১১। আবেদিত ডেটাসেট/মাইক্রোডেটার নাম ও সিরিজ :
১২। লাইসেন্সের ধরন : ☐ Licensed Use File (LUF) ☐ Secure Research File (SRF)
১৩। গবেষণার প্রস্তাবিত শিরোনাম :

১৪। উপরিউক্ত প্রদত্ত তথ্যসমূহ সম্পূর্ণ সত্য এবং ‘ডেটা ও মাইক্রোডেটা প্রকাশ ও প্রবেশাধিকার নীতিমালা, ২০২৬’ অনুসারে আমি নিম্নবর্ণিত চুক্তিনামার শর্তানুসার সম্পূর্ণ জ্ঞাতসারে স্বাক্ষর করিলাম।

চুক্তিনামা

(ক) এই উপাত্ত ব্যবহার চুক্তিনামা, একদিকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭, অতঃপর “বিবিএস” নামে অভিহিত এবং মহাপরিচালক, বিবিএস-এর পক্ষে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ...; এবং অন্যদিকে [গবেষক/প্রতিষ্ঠান/সংস্থার নাম], ঠিকানা:, অতঃপর “আবেদনকারী/গ্রহীতা/গ্রহীতা প্রতিষ্ঠান” নামে অভিহিত; এবং গ্রহীতা/গ্রহীতা প্রতিষ্ঠানের পক্ষে মনোনীত প্রধান গবেষক/প্রধান ব্যবহারকারী....., পদবি:, অতঃপর “প্রধান ব্যবহারকারী” নামে অভিহিত-এর মধ্যে সম্পাদিত হইল।

(খ) বিবিএস নিম্নবর্ণিত উপাত্ত/মাইক্রোডেটা এই চুক্তির শর্তসাপেক্ষে ব্যবহারার্থে সরবরাহ/প্রবেশাধিকার প্রদানের অনুমতি প্রদান করা হইবে—

i. ডেটাসেটের নাম:

.....
.

ii. জরিপ/শুমারি/পরিসংখ্যানিক কার্যক্রমের নাম:

.....
.....
.....

iii. ডেটাসেটের

বছর/সিরিজ:.....
.....

iv. ফাইলের ধরন ও

ফরম্যাট:.....
.

v. অনুমোদিত ভেরিয়েবল/ফাইল/কেসের পরিসর:

.....
vi. সরবরাহের মাধ্যম: ☐ Secure Download ☐ Encrypted Storage ☐ Microdata
Analysis Lab ☐ Other:

vii. মেটাডেটা/কোডবুক/প্রশ্নপত্র/ব্যবহার নির্দেশিকা সংযুক্ত: ☐ হ্যাঁ ☐ না।

(গ) অনুমোদিত ব্যবহারকারী ও প্রবেশাধিকার সীমা নিম্নবর্ণিতভাবে নির্ধারিত হইবে-

- i. এই চুক্তির অধীন সরবরাহকৃত উপাত্ত কেবল প্রধান ব্যবহারকারী এবং সংযোজনী—ক-তে উল্লিখিত অনুমোদিত গবেষণা-দলের সদস্যগণ ব্যবহার করিতে পারিবেন।
- ii. আবেদনকারী/গ্রহীতা/গ্রহীতা প্রতিষ্ঠান নিশ্চিত করিবে যে অনুমোদিত ব্যবহারকারী ব্যতীত অন্য কোনো ব্যক্তি, কর্মকর্তা, কর্মচারী, পরামর্শক, শিক্ষার্থী, সহযোগী প্রতিষ্ঠান বা তৃতীয় পক্ষ উক্ত উপাত্তে প্রবেশ, ব্যবহার, কপি, ডাউনলোড, স্থানান্তর বা বিশ্লেষণ করিতে পারিবে না।
- iii. গবেষণা-দলের সদস্য পরিবর্তন, নতুন সদস্য অন্তর্ভুক্তি, দায়িত্ব পরিবর্তন বা প্রতিষ্ঠান পরিবর্তনের ক্ষেত্রে বিবিএসের পূর্বলিখিত অনুমোদন গ্রহণ করিতে হইবে।
- iv. Secure Research File-এর ক্ষেত্রে ব্যবহার কেবল বিবিএস অনুমোদিত Microdata Analysis Lab বা নির্ধারিত নিরাপদ গবেষণা পরিবেশে সীমাবদ্ধ থাকিবে।

(ঘ) সরবরাহকৃত উপাত্ত কেবল নিম্নবর্ণিত অনুমোদিত উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে—

- i. গবেষণা;
- ii. শিক্ষা ও একাডেমিক বিশ্লেষণ;
- iii. নীতিনির্ধারণ ও পরিকল্পনা সহায়ক বিশ্লেষণ;
- iv. পরিসংখ্যানিক মডেলিং ও পদ্ধতিগত গবেষণা;
- v. জনকল্যাণমূলক বা প্রমাণভিত্তিক সিদ্ধান্ত গ্রহণে সহায়ক বিশ্লেষণ;
- vi. বিবিএস কর্তৃক অনুমোদিত অন্য কোনো নির্দিষ্ট উদ্দেশ্য।

(ঙ) উপাত্ত ব্যবহার করিয়া কেবল সমষ্টিগত, নামপরিচয়মুক্ত ও পরিসংখ্যানিক ফলাফল প্রকাশ করা যাইবে। কোনো ব্যক্তি, খানা, প্রতিষ্ঠান, ব্যবসা প্রতিষ্ঠান বা ক্ষুদ্র পরিসংখ্যানিক একককে শনাক্তযোগ্য করে কোনো ফলাফল, টেবিল, মানচিত্র, মডেল আউটপুট বা বিশ্লেষণ প্রকাশ করা যাইবে না।

(চ) এই চুক্তিতে অনুমোদিত উদ্দেশ্য ব্যতীত অন্য কোনো উদ্দেশ্যে উপাত্ত ব্যবহার করিতে হইলে বিবিএসের পূর্বলিখিত অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(ছ) আবেদনকারী/গ্রহীতা/গ্রহীতা প্রতিষ্ঠান, প্রধান ব্যবহারকারী এবং অনুমোদিত ব্যবহারকারীগণ নিম্নবর্ণিত কাজ করিতে পারিবেন না—

- i. কোনো ব্যক্তি, খানা, পরিবার, প্রতিষ্ঠান, ব্যবসা প্রতিষ্ঠান বা অন্যান্য পরিসংখ্যানিক একককে পুনঃশনাক্তকরণ বা পুনঃশনাক্তকরণের চেষ্টা;
- ii. উপাত্ত বা উপাত্ত-ভিত্তিক কোনো শনাক্তযোগ্য তথ্য প্রশাসনিক, আইন প্রয়োগ, কর, লাইসেন্সিং, নিয়ন্ত্রণমূলক, বাণিজ্যিক লক্ষ্যভিত্তিক, বিপণন, নজরদারি, ক্রেডিট স্কোরিং, ব্যক্তিগত প্রোফাইলিং বা কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে সিদ্ধান্ত গ্রহণে ব্যবহার;
- iii. বিবিএস-এর পূর্বলিখিত অনুমোদন ব্যতীত উপাত্ত, উপাত্তের কপি, সাবসেট, ডেরাইভড ফাইল, মডেল-ইনপুট ফাইল, লিংকড ফাইল বা কোনো শনাক্তযোগ্য আউটপুট তৃতীয় পক্ষের নিকট সরবরাহ, বিক্রয়, হস্তান্তর, প্রকাশ, আপলোড, শেয়ার বা পুনঃবিতরণ;
- iv. বিবিএস-এর অনুমোদন ব্যতীত অন্য কোনো ডেটাসেটের সঙ্গে এমনভাবে লিংকিং, ম্যাচিং, মার্জিং বা ইন্টিগ্রেশন, যাহাতে পুনঃশনাক্তকরণের ঝুঁকি সৃষ্টি হয়;
- v. উপাত্ত অনিরাপদ ডিভাইস, ব্যক্তিগত ক্লাউড স্টোরেজ, ব্যক্তিগত ই-মেইল, পেনড্রাইভ, মোবাইল ডিভাইস বা অননুমোদিত সার্ভারে সংরক্ষণ; এবং
- vi. উপাত্তের নিরাপত্তা, গোপনীয়তা, অখণ্ডতা বা বিবিএসের স্বার্থ ক্ষুণ্ণ করিতে পারে এমন কোনো কার্যক্রম।

(জ) আবেদনকারী/গ্রহীতা/গ্রহীতা প্রতিষ্ঠান বা প্রধান ব্যবহারকারী যদি সরবরাহকৃত উপাত্ত অন্য কোনো মাইক্রোডেটা, প্রশাসনিক উপাত্ত, জিওস্পেশিয়াল ডেটা, বিগ ডেটা, বাণিজ্যিক ডেটা বা তৃতীয় পক্ষের ডেটার সঙ্গে লিংক/ম্যাচ/মার্জ করিতে চান, তবে তাহার উদ্দেশ্য, পদ্ধতি, ব্যবহৃত ডেটাসেট, সম্ভাব্য ঝুঁকি এবং সুরক্ষা ব্যবস্থা উল্লেখ করিয়া বিবিএসের পূর্বলিখিত অনুমোদন গ্রহণ করিতে হইবে। লিংকিং বা ম্যাচিংয়ের ফলে সৃষ্ট কোনো ডেরাইভড ডেটাসেট, সাবসেট, বিশ্লেষণ ফাইল বা মডেলিং ফাইল এই চুক্তির অধীন সীমিত ও গোপনীয় উপাত্ত হিসেবে গণ্য হইবে। ডেরাইভড ডেটাসেট কোনো অবস্থাতেই বিবিএসের পূর্বলিখিত অনুমোদন ব্যতীত সংরক্ষণ, পুনঃব্যবহার, প্রকাশ বা হস্তান্তর করা যাইবে না।

(ঝ) আবেদনকারী/গ্রহীতা/গ্রহীতা প্রতিষ্ঠান ও প্রধান ব্যবহারকারী উপাত্তের গোপনীয়তা, অখণ্ডতা ও নিরাপত্তা নিশ্চিত করিবার জন্য ন্যূনতম নিম্নবর্ণিত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করিবেন—

- i. পাসওয়ার্ড-সুরক্ষিত ও এনক্রিপ্টেড ডিভাইস/সার্ভারে উপাত্ত সংরক্ষণ;
- ii. অনুমোদিত ব্যবহারকারীর বাইরে প্রবেশাধিকার নিষিদ্ধকরণ;
- iii. User Access Log বা ব্যবহার রেকর্ড সংরক্ষণ;
- iv. অননুমোদিত কপি, ডাউনলোড, স্থানান্তর বা প্রিন্টিং প্রতিরোধ;
- v. অ্যান্টিভাইরাস, ফায়ারওয়াল ও প্রয়োজনীয় সাইবার নিরাপত্তা ব্যবস্থা ব্যবহার;
- vi. ব্যক্তিগত ই-মেইল, অনিরাপদ ক্লাউড, সামাজিক যোগাযোগমাধ্যম বা অননুমোদিত ফাইল-শেয়ারিং প্ল্যাটফর্মে উপাত্ত প্রেরণ নিষিদ্ধকরণ;
- vii. গবেষণা শেষে তফসিল-২ এর সংযোজনী-গ অনুসারে Data Disposal Certificate প্রদান।

- (ঞ) আবেদনকারী/গ্রহীতা/গ্রহীতা প্রতিষ্ঠান, প্রধান ব্যবহারকারী এবং অনুমোদিত ব্যবহারকারীগণ পরিসংখ্যানিক গোপনীয়তা, ব্যক্তিগত গোপনীয়তা এবং উত্তরদাতার পরিচয় সুরক্ষার বাধ্যবাধকতা কঠোরভাবে পালন করিবেন। উপাত্ত ব্যবহারের সময় কোনো ব্যক্তি, খানা, প্রতিষ্ঠান বা অন্যান্য এককের পরিচয় অনিচ্ছাকৃতভাবে অনুমান, দৃশ্যমান বা উদ্ঘাটিত হইলে ব্যবহারকারী অবিলম্বে উক্ত তথ্যের ব্যবহার বন্ধ করিবেন এবং বিষয়টি অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট প্রকাশ করিবেন না। পাশাপাশি ২৪ ঘণ্টার মধ্যে লিখিতভাবে বিবিএসকে অবহিত করিবেন। এ বিষয়ে বিবিএস-এর নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট ফাইল, আউটপুট বা বিশ্লেষণ সংশোধন/ধ্বংস/স্থগিত করিবেন।
- (ট) সরবরাহকৃত উপাত্ত ব্যবহার করিয়া প্রস্তুতকৃত প্রতিবেদন, গবেষণাপত্র, থিসিস, প্রজেন্টেশন, টেবিল, মানচিত্র, ড্যাশবোর্ড, মডেল আউটপুট বা অন্য কোনো প্রকাশযোগ্য ফলাফলে কোনো শনাক্তযোগ্য ব্যক্তি, খানা, প্রতিষ্ঠান বা ক্ষুদ্র এককের তথ্য প্রকাশ করা যাইবে না। **Secure Research File** বা **Microdata Analysis Lab**-এ ব্যবহৃত উপাত্তের ক্ষেত্রে সকল আউটপুট বিবিএসের **Output Disclosure Review** বা নির্ধারিত আউটপুট পরীক্ষার পরেই বাইরে নেওয়া বা প্রকাশ করা যাইবে। বিবিএস কোনো আউটপুটে গোপনীয়তা ঝুঁকি, পুনঃশনাক্তকরণ ঝুঁকি, বিভ্রান্তিকর উপস্থাপন বা এই চুক্তির লঙ্ঘন দেখতে পাইলে উক্ত আউটপুট সংশোধন, স্থগিত, প্রত্যাহার বা প্রকাশ নিষিদ্ধ করিবার নির্দেশ দিতে পারিবে।
- (ঠ) উপাত্ত ব্যবহার করিয়া প্রস্তুত কোনো গবেষণা প্রতিবেদন, প্রকাশনা, থিসিস, প্রবন্ধ, সম্মেলনপত্র, নীতি-নোট, ড্যাশবোর্ড, টেকনিক্যাল রিপোর্ট বা অন্যান্য জ্ঞানপণ্য প্রকাশিত বা চূড়ান্ত হইলে তাহার একটি ইলেকট্রনিক কপি বিবিএসের নিকট জমা দিতে হইবে। বিবিএস উক্ত কপি কেবল ডকুমেন্টেশন, ব্যবহার-পরিসংখ্যান, নীতিমালা পরীক্ষণ, গবেষণা-তালিকা সংরক্ষণ এবং প্রতিষ্ঠানিক রেকর্ডের উদ্দেশ্যে ব্যবহার করিতে পারিবে।
- (ড) সরবরাহকৃত উপাত্ত, মেটাডেটা, কোডবুক, প্রশ্নপত্র ও সংশ্লিষ্ট উপকরণের মালিকানা বিবিএস বা প্রযোজ্য ক্ষেত্রে সরকারের নিকট সংরক্ষিত থাকিবে। এই চুক্তির মাধ্যমে আবেদনকারী/গ্রহীতা/গ্রহীতা প্রতিষ্ঠান বা ব্যবহারকারীর নিকট কোনো মালিকানা, স্বত্ব, কপিরাইট, পুনঃবিতরণ অধিকার বা বাণিজ্যিক ব্যবহার অধিকার হস্তান্তরিত হইবে না। অনুমোদিত গবেষণা বা বিশ্লেষণ হইতে সৃষ্ট গবেষণাপত্র, প্রতিবেদন বা জ্ঞানপণ্যের মেধাস্বত্ব সংশ্লিষ্ট লেখক/প্রতিষ্ঠানের হইতে পারে; তবে তাহাতে বিবিএসের ডেটা-উৎস হিসেবে যথাযথ **Citation** প্রদান বাধ্যতামূলক থাকিবে।
- (ঢ) এই চুক্তি বিবিএস কর্তৃক উপাত্ত প্রবেশাধিকার অনুমোদনের তারিখ হইতে কার্যকর হইবে এবং গবেষণার সমাপ্তির তারিখ অথবা তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে। গবেষণা/সমীক্ষা পূর্বনির্ধারিত সময়ের পূর্বে সমাপ্ত হইলে চুক্তির কার্যকারিতা গবেষণা সমাপ্তির তারিখে শেষ বলিয়া গণ্য হইবে, তবে গোপনীয়তা, **Citation**, দায়মুক্তি, **Data Disposal** এবং পুনঃশনাক্তকরণ-নিষেধ সংক্রান্ত শর্তসমূহ অব্যাহত থাকিবে। মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হইলে মেয়াদ শেষের কমপক্ষে ৩০ দিন পূর্বে বিবিএসের নিকট লিখিত আবেদন করিতে হইবে।
- (ণ) গবেষণা উদ্দেশ্য, পদ্ধতি, গবেষণা-দল, আবেদনকারী/গ্রহীতা/গ্রহীতা প্রতিষ্ঠান, নিরাপত্তা ব্যবস্থা, প্রত্যাশিত আউটপুট, ডেটাসেটের ব্যবহার বা ডেটা লিংকিং পরিকল্পনায় কোনো পরিবর্তন আনিতে হইলে বিবিএস-এর পূর্বলিখিত অনুমোদন আবশ্যিক। বিবিএসের অনুমোদন ব্যতীত আবেদনপত্রে উল্লিখিত প্রকল্প বা গবেষণার বাইরে উপাত্ত ব্যবহার করা যাইবে না।
- (ত) নিম্নবর্ণিত ক্ষেত্রে বিবিএস এই চুক্তি স্থগিত বা বাতিল বা নিষেধাজ্ঞা জারি করিতে পারিবে— যথা: পুনঃশনাক্তকরণের চেষ্টা; তৃতীয় পক্ষের নিকট উপাত্ত হস্তান্তর; অনুমোদিত উদ্দেশ্যে ব্যবহার; নিরাপত্তা শর্ত ভঙ্গ; **Data Breach** সংক্রান্ত তথ্য গোপন করা; **Citation** বা প্রকাশনা-শর্ত লঙ্ঘন; মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য প্রদান; বিবিএসের নির্দেশনা অমান্য করা, এবং এইরূপ কার্যক্রম বা ঘটনা। চুক্তি বাতিল হইলে আবেদনকারী/গ্রহীতা/গ্রহীতা প্রতিষ্ঠান ও প্রধান ব্যবহারকারী অবিলম্বে উপাত্তের ব্যবহার বন্ধ করিবেন এবং বিবিএসের নির্দেশনা অনুযায়ী সকল কপি ধ্বংস/ফেরত প্রদান করিবেন। গুরুতর লঙ্ঘনের ক্ষেত্রে বিবিএস ভবিষ্যৎ উপাত্ত প্রবেশাধিকার স্থগিত, কালোতালিকাভুক্তি, প্রশাসনিক ব্যবস্থা, ক্ষতিপূরণ দাবি অথবা প্রযোজ্য আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।
- (থ) এই চুক্তির ব্যাখ্যা, প্রয়োগ বা বাস্তবায়ন সংক্রান্ত কোনো বিরোধ দেখা দিলে উভয় পক্ষ প্রথমে আলোচনার মাধ্যমে নিষ্পত্তির চেষ্টা করিবে। আলোচনার মাধ্যমে নিষ্পত্তি সম্ভব না হইলে বিষয়টি মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর নিকট উপস্থাপন করা হইবে। প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাইবে।
- (দ) আমি/আমরা ঘোষণা করিতেছি যে, এই চুক্তির সকল শর্ত পাঠ করিয়াছি, বুঝিয়াছি এবং মানিয়া চলিতে সম্মত হইলাম। আমি/আমরা আরও ঘোষণা করিতেছি যে, সরবরাহকৃত উপাত্ত কেবল অনুমোদিত উদ্দেশ্যে ব্যবহার করিব, কোনো

পুনঃশনাক্তকরণের চেষ্টা করিব না, তৃতীয় পক্ষের নিকট উপাত্ত হস্তান্তর করিব না, গবেষণা শেষে উপাত্ত ধ্বংস/ফেরত প্রদান করিব, যথাযথ Citation প্রদান করিব এবং বিবিএসের দায়মুক্তি সংক্রান্ত শর্ত মানিয়া চলিব।

স্বাক্ষরকারীগণ

বিবিএসের পক্ষে	গ্রহীতা প্রতিষ্ঠানের পক্ষে	প্রধান ব্যবহারকারী/প্রধান গবেষকের পক্ষে
স্বাক্ষর:	স্বাক্ষর:	স্বাক্ষর:
.....		
...	...	...
নাম:	নাম:	নাম:
.....		
...	...	...
পদবি:	পদবি:	পদবি:
.....		
...	...	...
তারিখ:	প্রতিষ্ঠান:	প্রতিষ্ঠান:
.....		
...	...	...
সিল:	তারিখ:	তারিখ:
.....		
...	...	...
	সিল:	
		
	...	

সংযোজনী-ক: অনুমোদিত গবেষণাদলের সদস্যগণের তালিকা

ক্রম	নাম	পদবি	প্রতিষ্ঠান	ই-মেইল	ভূমিকা	উপাত্তে প্রবেশাধিকার প্রয়োজন
১					প্রধান ব্যবহারকারী	হ্যাঁ
২					গবেষণা-সহযোগী	হ্যাঁ/না
৩					ডেটা বিশ্লেষক	হ্যাঁ/না

সংযোজনী-খ: গবেষণা/প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ

- গবেষণা/প্রকল্পের শিরোনাম :
- গবেষণার উদ্দেশ্য :
- গবেষণা প্রশ্ন :
- পদ্ধতি :
- প্রয়োজনীয় ডেটাসেট/ভেরিয়েবল/কেস :
- উপাত্ত লিংকিং/ম্যাচিং করা হইবে কি না : ☐ হ্যাঁ ☐ না
- প্রত্যাশিত আউটপুট :

৮. সম্ভাব্য প্রকাশনা/ডিসেমিনেশন পরিকল্পনা :
৯. গবেষণা সমাপ্তির সম্ভাব্য তারিখ :
১০. অর্থায়নকারী প্রতিষ্ঠান, যদি থাকে :

সংযোজনী-গ: Data Disposal Certificate

আমি/আমরা এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, ...
[ডেটাসেটের নাম] শীর্ষক উপাত্ত/মাইক্রোডেটা ব্যবহারসংক্রান্ত অনুমোদিত গবেষণা/প্রকল্প সমাপ্ত হওয়ায় বা চুক্তির মেয়াদ শেষ হওয়ায়—

- ক. বিবিএস হইতে প্রাপ্ত সকল মাইক্রোডেটা ফাইল;
খ. সকল কপি, ব্যাকআপ, সাবসেট, ডেরাইভড ডেটাসেট ও অস্থায়ী বিশ্লেষণ ফাইল;
গ. অননুমোদিত বা অপ্রকাশযোগ্য আউটপুট; এবং
ঘ. সংশ্লিষ্ট সংরক্ষিত ফাইলসমূহ—
বিবিএসের নির্দেশনা অনুযায়ী ধ্বংস/ফেরত/অপ্রবেশযোগ্য করা হইয়াছে।

প্রধান ব্যবহারকারীর স্বাক্ষর :

.....

নাম :

তারিখ :

গ্রহীতাপ্রতিষ্ঠানের অনুমোদিত

প্রতিনিধির স্বাক্ষর :

নাম :

পদবি :

তারিখ :